

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১২, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি শাখা ]

[ মূল্য সংযোজন কর ]

বিশেষ আদেশ

তারিখ : ০৬ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ/২১ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP) কর্তৃক কক্সবাজার জেলায় রোহিঙ্গা নাগরিকসহ অন্যান্য মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিনামূল্যে ভোজ্যতেল (Vegetable Oil/Soybean Oil) ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) মওকুফ প্রদান।

নং ১৫/মূসক/২০২০।—যেহেতু, বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP) স্থানীয় উৎপাদকের নিকট হতে ভোজ্যতেল ক্রয়পূর্বক কক্সবাজার জেলায় রোহিঙ্গা নাগরিকসহ অন্যান্যদের মাঝে বিনামূল্যে বিতরণ করবে, এবং

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচী এর মধ্যে সম্পাদিত চুক্তিতে বিধি ও পদ্ধতি অনুসরণে দেশের অভ্যন্তরে স্থানীয়ভাবে ক্রয়কৃত খাদ্য সামগ্রীর উপর আরোপণীয় স্থানীয় করাদি সরকার মওকুফ করবে মর্মে শর্ত রয়েছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২, এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, WFP এর ২০ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে পত্র নং VAT/04/2020 ও ২৮ মে, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের পত্র নং VAT/06/2020 অনুসারে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে WFP এর সম্পাদিত চুক্তির আওতায় নিম্নবর্ণিত

(৭৯৯৭)

মূল্য : টাকা ৪.০০

প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের নামের বিপরীতে প্রতিক্ষেত্রে বর্ণিত পরিমাণ ভোজ্যতেল সরবরাহের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে আরোপণীয় মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতি প্রদান করা হলো, যথা :—

সূত্র	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠান/ফ্যাক্টরীর ঠিকানা	সরবরাহতব্য ভোজ্যতেলের পরিমাণ (মেট্রন)
4500073182	Bashundhara Multi Food Products Limited	Pangaon, Konda South Keraniganj, Dhaka-1311	12.12
4500073378	Bangladesh Edible Oil	North Rupshi,	95.759
4500073380		Rupgonj,	24.00
4500074126		Narayangonj	168.00
Total Quantity			299.879 (দুইশত নিরানব্বই দশমিক আট সাত নয়)

২। উল্লেখ্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান তৎকর্তৃক সরবরাহকৃত ভোজ্যতেল উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে না। এ অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে ভোজ্যতেল উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী রেজাউল হাসান  
দ্বিতীয় সচিব।